

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২২, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ১০ ফাল্গুন ১৪১৩/২২ ফেব্রুয়ারি ২০০৭

এস, আর, ও নং ২৪-আইন/২০০৭।—যেহেতু, সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৬৬-আইন/২০০৬, তারিখ ১১ই বৈশাখ, ১৪১৩ বঙ্গাব্দ মোতাবেক ২৪ এপ্রিল ২০০৬ খ্রিস্টাব্দ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু, সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য কিশোরগঞ্জ জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু, উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু, সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু, Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী

( ৫১২৭ )

মূল্য : টাকা ২.০০

২০ ফাল্গুন, ১৪১৩ বঙ্গাব্দ মোতাবেক ৪ মার্চ, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি পাকুন্দিয়া মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে :

## তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নং	দাগ নং
১	২	৩	৪	৪
(১)	পাকুন্দিয়া	পাকুন্দিয়া	১৭	১-১৬৪৩
(২)	পাকুন্দিয়া	হাপানিয়া লক্ষীয়া	১৮	১-৭১৭
(৩)	পাকুন্দিয়া	লক্ষীয়া	৩১	১-৯৮৭
(৪)	পাকুন্দিয়া	বাঘা	৩২	১-৮৬
(৫)	পাকুন্দিয়া	ছেত্রাখালী	৩৩	১-১৭৯
(৬)	পাকুন্দিয়া	ভৈরাদি	৩৪	১-৭৩৫
(৭)	পাকুন্দিয়া	পাইকলক্ষীয়া	১৯	১-৬৯২
(৮)	পাকুন্দিয়া	বরাটিয়া	২৫	১-৫২৯
(৯)	পাকুন্দিয়া	মরুরা	২৯	১-২১৮
(১০)	পাকুন্দিয়া	দরদরা	২০	১-৩২০
(১১)	পাকুন্দিয়া	চালিয়াগোপ	৩৫	১-৪৩৮
(১২)	পাকুন্দিয়া	চালিয়াগোপ	২৮	১-২২১
(১৩)	হোসেন্দী	সৈয়দগাঁও	৮১	১-১৩২৭
(১৪)	হোসেন্দী	নিশ্চিন্তপুর	৮২	১-৫০৫, ৫১৬-৫২০
(১৫)	হোসেন্দী	উত্তরপাড়া	৮২	১-৩৪০
(১৬)	হোসেন্দী	মঙ্গলবাড়ীয়া	৮৪	১-৪২০
(১৭)	হোসেন্দী	কুমারপুর	৮৫	১-১০
(১৮)	নারান্দী	শ্রীরামদী	১৬	১-৪৯০
(১৯)	নারান্দী	আনোয়ারখালী	১৫	১-৩৩০

রাষ্ট্রপতির আদেশক্রমে

আহসানুল হক

সিনিয়র সহকারী সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।